সমকাল

তারিখ ... 03 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ... ৪ ...

# উচ্চশিক্ষায় ভ্যাটের নিন্দা বিএনপির

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ওপর ভ্যাট আরোপের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বিএনপি।

গতকাল রোববার নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে দলের মুখপাত্র ড. আসাদুজ্জামান রিপন এ নিন্দা জানান। অবিলম্বে বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভ্যাট আরোপের সিদ্ধান্ত বাতিলে প্রধানমন্ত্রীর প্রতি দাবি জানান তিনি

বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ৭ দশমিক ৫ ভাগ ভ্যাট আরোপের প্রতিবাদ জানিয়ে আসাদুজ্জামান রিপন বলেন, সংবিধানে সুস্পষ্টভাবে লেখা আছে, শিক্ষা হচ্ছে- মানুষের মৌলিক অধিকার। এ মৌলিক অধিকার শিক্ষাকে আজ বাণিজ্যিকভাবে উৎসাহিত করা হচ্ছে।

তিনি বলেন, বাজেট ঘোষণার সময়ে বিএনপি বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ওপর ভ্যাট আরোপের প্রস্তাব বাতিল করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছিল। কিন্তু তারা তা মেনে নেয়নি। এই সরকার জনগণের সরকার নয়। আগামীতে ক্ষমতায় গেলে বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভ্যাট রহিত করবে বলে বিএনপির অঙ্গীকারের কথা তুলে ধরেন দলটির মুখপাত্র।